

মাসিক

দুদকবার্তা

www.acc.org.bd



৮ম বর্ষ ◀
৩৫তম সংখ্যা ◀

▶ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
▶ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

এক নজরে



দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে ২০২০ সালের শুরুতেই দেশব্যাপী শুরু হয়েছে দুর্নীতিবিরোধী 'জাতীয় বিতর্ক প্রতিযোগিতা'। আনুষ্ঠানিকভাবে রাজধানীর সেগুনবাগিচায় দুদক প্রধান কার্যালয়ে এক সংবাদ

সম্মেলনের মাধ্যমে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ এ তথ্য জানান। দেশের ২৬,২১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতিবিরোধী নৈতিক মূল্যবোধ বিকাশের অভিপ্রায় নিয়ে দুদক এ প্রতিযোগিতার আয়োজন করেছে। বিতর্ক প্রতিযোগিতার মিডিয়া পার্টনার হিসেবে কাজ করছে দেশের বেসরকারি টেলিভিশন 'চ্যানেল আই'। এই কর্মপ্রয়াসে দুদকের অন্যতম অংশীদার সংস্থা হচ্ছে জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন প্রতিষ্ঠান অক্সফাম ইন বাংলাদেশ। হাজারো তরুণ-তরুণীর অংশগ্রহণের মাধ্যমে বিতর্ক প্রতিযোগিতা দেশে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে

সম্পাদকীয়

আলোড়ন সৃষ্টি করেছে। তরুণ বিতর্কিকরা যুক্তিতর্কের ডালি সাজিয়ে বসেছেন। উচ্চারিত হচ্ছে বহু মনীষীর অবিদ্যমান উদ্ভৃতি। ধর্মীয় গ্রন্থের অমির বাণীও ব্যবহৃত হচ্ছে। অর্থনীতি, রাজনীতি, সমাজবিদ্যা, দর্শন, ধর্মের বিভিন্ন উদাহরণ দেওয়া হচ্ছে এসব বিতর্কে। প্রতিটি বিতর্ক প্রতিযোগিতা যেন নৈতিকতা চর্চার মিনি প্যারলিমেণ্টে পরিণত হয়েছে। দুদকের মতো একটি প্রতিষ্ঠান এভাবে বিতর্ক প্রতিযোগিতাকে দুর্নীতি প্রতিরোধে সামনে নিয়ে এসেছে। কমিশন মনে করে, বিতর্ক হচ্ছে পরিশুদ্ধ হওয়ার একটি অন্যতম মাধ্যম। তরুণ প্রজন্মকে যদি নৈতিকতা চর্চায় নিয়োজিত রাখা যায়, তাহলে অবশ্যই নৈতিক মূল্যবোধ সম্পন্ন ভবিষ্যৎ প্রজন্মের আশা করা যেতে পারে।

কমিশন বিশ্বাস করে, বিতর্ক হচ্ছে সমাজে বিদ্যমান

আইন ও রীতি-নীতিকে পরিশুদ্ধ করার অন্যতম উপায়। গণতান্ত্রিক মানসিকতা সৃষ্টিতে বিতর্কের অনন্য ভূমিকা রয়েছে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় বিতর্কের মাধ্যমেই সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যুক্তি এবং যুক্তি খণ্ডনকে নান্দনিকতার মাধ্যমে উপস্থাপনই বিতর্ক। বিতর্ক মানব

সভ্যতার বিশেষ অর্জন ও সমস্যা থেকে উত্তরণের একটি পরীক্ষিত উপায়। দুর্নীতি দমন কমিশন সমাজে নিষ্ঠাবোধ জাগ্রত করার জন্য উত্তম চর্চার বিকাশে বিতর্ক প্রতিযোগিতাকে অন্যতম মাধ্যম হিসেবে গ্রহণ করেছে। দেশব্যাপী দুর্নীতিবিরোধী গণজাগরণ সৃষ্টি এবং তরুণ প্রজন্মের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টির লক্ষ্যে কমিশন কর্তৃক দেশের স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের নিয়ে গঠিত সততা সংঘের নিরুলুপ সদস্যবৃন্দ এসব বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে।

আমরা আশা করি সকলের সমন্বিত প্রচেষ্টায় দেশব্যাপী যে বিতর্ক প্রতিযোগিতা চলছে-তা তরুণ সমাজকে নৈতিক মূল্যবোধ জাগাতে আলোড়িত করবে। তাদের মননে ভাস্বর হয়ে থাকবে শুদ্ধাচার। তরুণরাই এগিয়ে আসবে সমাজের হারিয়ে যাওয়া নৈতিক মানদণ্ড পুনরুদ্ধারে।



নির্বাহী সম্পাদক
দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়
১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০

☎ 9353004-8
✉ info@acc.org.bd
🌐 www.acc.org.bd



ফাঁদ অভিযান

জানুয়ারি/২০২০ মাসে কমিশন ফাঁদ পেতে ঘুমের টাকাসহ ০১ (এক) জনকে গ্রেফতার করেছে দুদক।



গ্রেফতারকৃত আসামির নাম	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ ইলিয়াস হোসাইন, ওসি, এলএসডি (খাদ্য পরিদর্শক), ডুমুরিয়া, খুলনা।	মোঃ কামরুজ্জামান, স্বত্বাধিকারী-এম. এ জামান অটো রাইস এন্ড প্রসেসিং মিলস, খুলনা-এর নিকট হতে ক্ষমতার অপব্যবহার ও অপরাধমূলক অসদাচরণের মাধ্যমে সরকারি কর্মচারী হয়ে বৈধ পারিশ্রমিক ব্যতীত অবৈধভাবে ১,০০,০০০/- টাকা ঘুষ গ্রহণকালে দুদক টিমের ফাঁদ দল আসামিকে গ্রেফতার করে।

গণশুনানি

কমিশন জানুয়ারি/২০২০ মাসে ০৩টি গণশুনানি পরিচালনা করেন।

গণশুনানির সংখ্যা	গণশুনানির স্থান
০৩টি	টান্গাইল সদর, টান্গাইল; সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ; বোরহানউদ্দিন, ভোলা।

গ্রেফতার



বিভিন্ন মামলায় তদন্তকারী কর্মকর্তাগণ আইনি প্রক্রিয়ায় জানুয়ারি/২০২০ মাসে ০২(দুই) জনকে গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃত আসামির নাম	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ তাজুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।	মোঃ তাজুল ইসলাম-এর নিকট হতে ক্ষমতার অপব্যবহারপূর্বক ঘুষ ও দুর্নীতির মাধ্যমে অর্জিত অবৈধ অর্থ ১,৮৫,২৫,০০০/- টাকা তার আবাসস্থল উপজেলা কম্পাউন্ডের অভ্যন্তরে অবস্থিত ডরমেটরী ভবনের ১নং কক্ষে পাওয়া যায়।
মোঃ নূর নবী চৌধুরী, সিনিয়র অফিসার, সোনালী ব্যাংক লিঃ, সাবেক ব্যবস্থাপক, চরবাটা ও সুবর্ণচর শাখা, সোনালী ব্যাংক লিঃ।	পরস্পর যোগসাজশে ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে অপরাধজনক বিশ্বাসভঙ্গ, প্রতারণা ও জাল-জালিয়াতির আশ্রয় নিয়ে ভূয়া ঋণ ডকুমেন্টস তৈরী করে ৫,৪৫,০০০/- টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ।

অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

কমিশন জানুয়ারি/২০২০ মাসে ১৪৯টি অভিযান পরিচালনা করেন।

অভিযানের সংখ্যা	অভিযানভুক্ত কতিপয় দপ্তর/প্রতিষ্ঠান
১৪৯টি	ভূমি : ডিসি অফিসের এল.এ শাখা; এসি (ল্যান্ড)অফিস; সাব-রেজিস্ট্রারের কার্যালয়; ইউনিয়ন ভূমি/তহসিল অফিস; জোনাল সেটেলমেন্ট অফিস; রাজউক ইত্যাদি।
	প্রকৌশল : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর; শিক্ষা প্রকৌশল অধিদপ্তর; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড; প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়; গণপূর্ত অধিদপ্তর; সড়ক ও জনপথ অধিদপ্তর; ইস্পাত ও প্রকৌশল অধিদপ্তর ইত্যাদি।
	স্বাস্থ্য : ঔষধ প্রশাসন অধিদপ্তর; সিভিল সার্জন অফিস; উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স; সদর হাসপাতাল; পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
	ইউটিলিটি সেবা : ওয়াসা (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী); তিতাস গ্যাস ট্রান্সমিশন; বাখরাবাদ গ্যাস; বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড; ঢাকা পাওয়ার সাপ্লাই এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ (ডিপিডিসি) ইত্যাদি।